

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৪০

আগরতলা, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা

তৃতীয় দিনে কবি সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান

হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪২তম আগরতলা বইমেলার তৃতীয় দিনে
আজ বিকেলে কবিতা মঞ্চে অনুষ্ঠিত হয় কবি সম্মেলন। কবি সম্মেলনে রাজ্যের বিভিন্ন জেলার
৫২ জন কবি স্বরচিত কবিতা পাঠ করেন। কবি সম্মেলন অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রখ্যাত লেখক
নকুল দাস। কবিতা মঞ্চে আজ ড. হিমাদ্রী শেখর হাওলাদারের ‘উড়ন্ট প্রজাপতি’ বইটি প্রকাশিত
হয়। আনুষ্ঠানিকভাবে বইটির প্রকাশ করেন ড. হরেকৃষ্ণ আচার্য, ড. মলয় দেব, ড. নির্মল দাস
ও কবি পারমিতা দে।

সন্ধ্যায় বইমেলা প্রাঙ্গণে চন্দ্রকান্ত মুড়াসিং মঞ্চে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।
সাংস্কৃতিক অনুষ্ঠানে শাস্ত্রীয় সংগীত, পঞ্চকবির গান, সমবেত আবৃত্তি, একক সংগীত, সমবেত
সংগীত, সমবেত নৃত্য ও মামিতা নৃত্য পরিবেশিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানটি সঞ্চালনা করেন
সুমনা মিশ্র।
